কিছু উদাহরণ:

আপনার চলাফেরার প্রতিবন্ধকতা রয়েছে এবং আপনি চলাফেরা করতে হুইলচেয়ার ব্যবহার করেন। একটি বিপণীর কেবল এক্সপ্রেস চেক-আউটের পথটিই আপনার জন্য প্রবেশযোগ্য। আপনার মুদিখানার জিনিশপত্রের পরিমাণ এক্সপ্রেস পরিষেবার সংখ্যাকে ছাড়িয়ে গেছে। আপনার সঙ্গে মানিয়ে নিতে বিপণীটিকে কী করতে হবে?

নিয়ম, রীতি বা প্রণালী পরিবর্তনের একটি উদাহরণ হল প্রতিবন্ধকতা সহ ব্যক্তিদের ক্রয় করা মুদিখানার জিনিশপত্রের সংখ্যা ব্যতিরেকে প্রবেশযোগ্য এক্সপ্রেস চেক আউটের পথ ব্যবহার করার সুযোগ দেওয়া।

আপনি একটি হুইলচেয়ার ব্যবহার করেন এবং প্রেসক্রিপশনের ওষুধপত্র নিতে আপনাকে একটি ফার্মেসিতে যেতে হবে। ফার্মেসিটির প্রবেশের জায়গায় একটি ধাপ রয়েছে। প্রবেশ প্রদান করতে ফার্মেসিটির কি ধাপটি সরিয়ে দেওয়া আবশ্যক?

ধাপ থাকার কারণে একজন হুইলচেয়ার আরোহী ব্যক্তি একটি ফার্মেসিতে প্রবেশ করতে না পারলে ফার্মেসিকে সেই ধাপটি সরিয়ে ফেলতে হবে, যদি তা করা "সহজসাধ্য" হয়। ফার্মেসির পক্ষে তা করা "সহজসাধ্য" না হলে ফার্মেসিটি বিকল্প উপায়ে পণ্য ও পরিষেবা প্রদান করতে বাধ্য থাকবে, যেমন, বাড়িতে পৌঁছে দেওয়া বা রাস্তার ধারের পরিষেবা।

আপনার দৃষ্টিশক্তির দুর্বলতা রয়েছে এবং জনগণের জন্য উন্মুক্ত একটি আলচনাসভায় উপস্থিত থাকতে চান। আপনার আলচনাসভার উপাদানগুলি বড় আকারের অক্ষরে মুদ্রিত থাকার প্রয়োজন যাতে আপনি সেগুলি পড়তে পারেন। আলচনাসভার প্রযোজকের কী কী বাধ্যবাধকতা থাকতে পারে?

একটি আলচনাসভা জনগণের জন্য উন্মুক্ত হলে সেখানে বিকল্প ফরম্যাটে লিখিত উপাদান তৈরি থাকা আবশ্যক, যাতে সেগুলি দুর্বল দৃষ্টিসম্পন্ন ব্যক্তিদের জন্যও প্রবেশযোগ্য হয়। বিকল্প ফরম্যাটগুলির মধ্যে ব্রেইল বা বড় আকারের অক্ষরে ছাপা পড়তে পারে।

কীভাবে অভিযোগ দায়ের করতে হয়

যদি আপনি বিশ্বাস করেন যে আপনার বিরুদ্ধে বৈষম্যই করা হয়েছে, তাহলে আপনি নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার কমিশন বিভাগেরকাছে অভিযোগ দায়ের করতে পারেন।

চারজন বা তার বেশি কর্মী আছে এমন নিয়োগকর্তারা নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইনের আওতাভুক্ত। অভিযোগে বর্ণিত বৈষম্যমূলক কাজটির এক বছরের ভিতরেবিভাগের কাছে অভিযোগটি জমা দিতে হবে।

অভিযোগ দায়ের করার জন্য:

- বিভাগের ওয়েবসাইট WWW.DHR.NY.GOV এ যান এবং একটি অভিযোগের ফর্ম ডাউনলোড করুন। সম্পূর্ণ করা অভিযোগগুলি অবশ্যই একজন নোটারির সামনে স্বাক্ষর করতে হবে এবং বিভাগের কাছে ফেরত দিতে হবে (ডাকযোগে, ফ্যাক্স দ্বারা বা সশরীরে)।
- ব্যক্তিগতভাবে বিভাগের অফিসে যান।
- অভিযোগের ফর্ম পাওয়াএবং/অথবা অভিযোগ দায়ের করার ক্ষেত্রে অন্যান্য সহায়তার জন্য বিভাগের কোনো একটি অফিসের সঙ্গে টেলিফোনে বা ডাকযোগে যোগাযোগ করুন।

আরো তথ্যের জন্য, অথবা আপনার বাড়ি বা কর্মনিয়োগের স্থানের সবচেয়ে কাছের আঞ্চলিক অফিসটি খুঁজে পাওয়ার জন্য, আমাদের ওয়েবসাইট দেখুন: **WWW.DHR.NY.GOV.**

NEW YORK STATE | Division of Human Rights

প্রতিবন্ধকতা সহ ব্যক্তিদের প্রকাশ্য সুবিধার স্থানের অধিকারসমূহ

ONE FORDHAM PLAZA
BRONX, NEW YORK 10458
1-888-392-3644
TTY: 718-741-8300
WWW.DHR.NY.GOV

Bengali—Rights of People With Disabilities Places of Public Accommodation

প্রতিবন্ধকতা সহ ব্যক্তিদের প্রকাশ্য সুবিধার স্থানের অধিকারসমূহ

নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইনে প্রকাশ্য সুবিধার স্থানগুলিকে প্রতিবন্ধকতা সহ ব্যক্তিদের সঙ্গে বৈষম্যমূলক আচরণ করা নিষিদ্ধ করে।

মানবাধিকার আইনে প্রতিবন্ধকতার সংজ্ঞা এইভাবে দেওয়া হয়েছে:

"কোনোরকম শারীরিক, মানসিক বা স্বাস্থ্যগত দুর্বলতা যা স্বাভাবিক শারীরিক ক্রিয়াকলাপের অনুশীলনে বাধা দেয় অথবা চিকিৎসাগতভাবে গ্রহণযোগ্য রোগনির্ণয়ের প্রকৌশলের বা সেই দুর্বলতার কোনও রেকর্ডের দ্বারা প্রদর্শিত হয় অথবা অন্যদের দ্বারা যে দুর্বলতার অবস্থা স্বীকৃত হয়।"

নিউ ইয়র্ক স্টেটের "প্রকাশ্য সুবিধার স্থানগুলি"র মধ্যে পড়ে: হোটেল, রেস্তোরাঁ, খুচরো বিপণী, চিকিৎসার ক্লিনিক, হাসপাতাল, মনোরঞ্জন ও বিনোদনের পার্ক ও সিনেমা হল।

নিষিদ্ধ করা বৈষম্যমূলক আচরণ

প্রকাশ্য সুবিধার স্থানগুলিতে প্রতিবন্ধকতা সহ ব্যক্তিদের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করা নিষিদ্ধ এবং তাদের পণ্য ও পরিষেবাগুলি প্রবেশযোগ্য করা আবশ্যক।

প্রকাশ্য সুবিধার স্থানগুলি প্রতিবন্ধকতার কারণে কোনও ব্যক্তিকে পণ্য বা পরিষেবা দিতে অস্বীকার করতে পারে না। প্রকাশ্য সুবিধার স্থানগুলিতে প্রতিবন্ধকতা সহ ব্যক্তিদের জায়গা, প্রাধান্য বা সুবিধা দিতে অস্বীকার করার ইঙ্গিতবাহী কোনও লিখিত উপাদান প্রকাশ বা প্রচার করা নিষিদ্ধ।

নীতি বা প্রণালীর যুক্তিসঙ্গত পরিবর্তন

প্রকাশ্য সুবিধার স্থানগুলির নীতি, রীতি বা প্রণালীতে যুক্তিসঙ্গত পরিবর্তন করার প্রয়োজন যখন প্রকাশ্য সুবিধার স্থানগুলিকে প্রতিবন্ধকতা সহ ব্যক্তিদের জন্য প্রবেশযোগ্য করার জন্য সেই পরিবর্তন করার প্রয়োজন হয়।

প্রকাশ্য সুবিধার স্থানগুলির নীতি, রীতি বা প্রণালীতে যুক্তিসঙ্গত পরিবর্তন করার প্রয়োজন হয় না যখন সেই পরিবর্তন ব্যবসার বা কেন্দ্রের প্রকৃতির মৌলিক পরিবর্তন ঘটাতে পারে।

আনুষঙ্গিক সহায়তা প্রদান করার প্রয়োজনীয়তা

প্রকাশ্য সুবিধার স্থানগুলির কোনও প্রতিবন্ধকতা সহ ব্যক্তি যেন আনুষঙ্গিক সহায়তা বা পরিষেবা না থাকার কারণে পরিষেবা পাওয়া থেকে বাদ না পড়েন বা প্রত্যাখ্যাত না হন তা নিশ্চিত করতে পদক্ষেপ নেওয়া আবশ্যক।

"আনুষঙ্গিক সহায়তা"র মধ্যে পড়তে পারে শ্রবণ দুর্বলতা সহ ব্যক্তিদের জন্য যোগ্য প্রতীকী ভাষার দোভাষী অথবা দৃষ্টি দুর্বলতা সহ ব্যক্তিদের জন্য ব্রেইল-এ বা বড় হরফে লেখা উপাদান।

প্রকাশ্য সুবিধার স্থানগুলির আনুষঙ্গিক সহায়তা প্রদানের প্রয়োজন পড়বে না যদি সেই প্রদানের ফলে ব্যবসার বা কেন্দ্রের প্রকৃতির মৌলিক পরিবর্তন ঘটে অথবা "অত্যধিক বোঝা"র সৃষ্টি হয়।

অনুরোধ করা পরিবর্তন প্রদানের বোঝা ব্যবসার বা কেন্দ্রের প্রকৃতির মৌলিক পরিবর্তন ঘটাবে বা অত্যধিক বোঝার সৃষ্টি করবে কিনা তা প্রকাশ্য সুবিধার মালিক বা পরিচালকের উপর নির্ভর করবে।

অত্যধিক বোঝা

একটি "অত্যধিক বোঝা"র অর্থ হল উল্লেখযোগ্য অসুবিধা বা খরচ। কোনও পদক্ষেপের ফলে "অত্যধিক বোঝা" চাপবে কিনা তা নির্ধারণ করতে অনুরোধ করা পরিবর্তনের প্রকৃতি ও খরচ সেই প্রকাশ্য সুবিধার স্থানের সংস্থানের সঙ্গে ভারসাম্যপূর্ণ করে দেখতে হবে।

স্থাপত্যের বাধা সরানো

প্রকাশ্য সুবিধার স্থানগুলির বিদ্যমান কেন্দ্রগুলির থেকে সেই স্থাপত্যের বাধা ও আদানপ্রদানের বাধাগুলিকে সরিয়ে ফেলা আবশ্যক যেগুলির কাঠামো রয়েছে, যেখানে সেগুলি সরানো "সহজসাধ্য"।

আইনে "সহজসাধ্য" এর সংজ্ঞায় বলা হয়েছে যা সহজে করে ফেলা যায় এবং যা করতে খুব বেশি অসুবিধা বা খরচ হয় না। স্থাপত্যের বাধা সরানোর উদাহরণগুলির মধ্যে পড়ে:

- প্রাথমিক প্রবেশদ্বারে একটি বা একাধিক ধাপ সরানো ও একটি র‍্যাম্প লাগানো, অথবা
- যাতায়াতের দরজাগুলি বা চেক আউটের পথগুলি চওড়া করা, অথবা
- পরিষেবার কাউন্টারগুলিকে হুইলচেয়ার আরোহীর জন্য প্রবেশযোগ্য করার মতো করে নিচু করা।

বাধা সরানো সহজসাধ্য না হলে একটি প্রকাশ্য সুবিধার স্থানের পণ্য ও পরিষেবাগুলিকে বিকল্প উপায়ে প্রতিবন্ধকতা সহ ব্যক্তিদের জন্য উপলব্ধ করা আবশ্যক। এর অর্থ হতে পারে পণ্য বা পরিষেবা এমন বিকল্প স্থানে প্রদান করা যেটি প্রবেশযোগ্য অথবা পণ্য ও পরিষেবায় সমান প্রবেশযোগ্যতা নিশ্চিত করতে প্রতিবন্ধকতা সহ ব্যক্তিদের অনুরোধগুলির সঙ্গে মানিয়ে নেওয়ার প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী থাকা নিশ্চিত করা।